কাজকেরিয়ারের খবর দ্রুত পেতে 9051147904 নম্বরে 'Hi' দিয়ে Whatsapp গ্রুপে Add হন।

লেটেস্ট আপডেট পেতে আমাদের ফেসবুক পেজ লাইক ও ফলো করুন
www.fb.com/kaajcareer

পেশা ও কর্মজগতের নতুন দিগন্ত

# কাজকেরিয়ার

KAAJ CAREER

Weekly Employment Newspaper

সর্বভারতীয় চাকরির খবরের লেটেস্ট আপডেট পেতে ও ই-পেপার ডাউনলোড করতে Join করুন Kaajcareer Telegram Channel

Subscribe Youtube
https://youtube.com/@kaajcareer1916

Visit https://kaajcareer.in

Vol - 20 • Issue No. 11 • 18 March, 2026, Wednesday | RNI No. WBBEN/2006/18125 | Bengali: 3 Chaitra, 1432 • Price Rs. 5.00/-

দেশের ২১টি রিক্রুটমেন্ট বোর্ডে মাধ্যমিক ও আইটিআই পাশদের থেকে

## ভারতীয় রেলে ১১,১২৭ অ্যাসিস্ট্যান্ট লোকো পাইলট

**কাজকেরিয়ার, নিজস্ব প্রতিনিধি:** অ্যাসিস্ট্যান্ট লোকো পাইলট পদে ১১,১২৭ জনকে নিচ্ছে ভারতীয় রেলে। নিয়োগ হবে দেশের ২১টি রেলওয়েতে রিক্রুটমেন্ট বোর্ডে। একজন প্রার্থী একটি জোনের জন্যই আবেদন করতে পারবেন।

ম্যাট্রিকুলেশন পাশ প্রার্থীরা এনসিভিটি/ এসসিভিটি স্বীকৃত ফিটার, ইলেক্ট্রিশিয়ান, ইনস্ট্রুমেন্ট মেকানিক, মিলরাইট/ মেন্টেন্যান্স মেকানিক, মেকানিক (রেডিও অ্যান্ড টিভি), ইলেক্ট্রনিক্স মেকানিক, মেকানিক (মোটর ভেহিকল), ওয়্যারম্যান, ট্র্যাক্টর মেকানিক, আর্মেচার অ্যান্ড কয়েল উইন্ডার, মেকানিক (ডিজেল), হিট ইঞ্জিন, টার্নার/ মেশিনিস্ট, রেফ্রিজারেশন অ্যান্ড এয়ার কন্ডিশনিং মেকানিক ট্রেডের আইটিআই সার্টিফিকেটধারী হলে বা ম্যাট্রিকুলেশন পাশ প্রার্থীরা ওপরে বলা ট্রেডের অ্যাক্ট অ্যাপ্রেন্টিসশিপ সার্টিফিকেটধারী হলে আবেদন করতে পারেন। অথবা ম্যাট্রিকুলেশন পাশ প্রার্থীরা মেকানিক্যাল/ ইলেক্ট্রিক্যাল/ ইলেক্ট্রনিক্স/

......... এরপর ২ পাতায়

কম্বাইন্ড মেডিক্যাল সার্ভিস-২০২৬ পরীক্ষার মাধ্যমে

## ১,৩৫৮ মেডিক্যাল অফিসার নিয়োগ

**কাজকেরিয়ার, নিজস্ব প্রতিনিধি:** মেডিক্যাল অফিসার পদে **১,৩৫৮** জনকে নিচ্ছে সেন্ট্রাল হেলথ সার্ভিস, রেলওয়েজ, দিল্লি মিউনিসিপ্যাল কর্পোরেশন ও নিউদিল্লি মিউনিসিপ্যাল কাউন্সিলে। নিয়োগ হবে ক্যাটেগরি-১ ও ক্যাটেগরি-২ পদে। সর্বভারতীয় "কম্বাইন্ড মেডিক্যাল সার্ভিস এক্সামিনেশন ২০২৬"-এর মাধ্যমে প্রার্থীবাছাই করবে ইউনিয়ন পাবলিক সার্ভিস কমিশন। এই পরীক্ষা হবে ২ আগস্ট। যে কোনও ভারতীয় নিচের মতো যোগ্যতা থাকলে আবেদন করতে পারেন।

**মেডিক্যাল অফিসার্স গ্রেড ইন জেনারেল ডিউটি মেডিক্যাল অফিসার্স সাব-ক্যাডার:** মোট শূন্যপদ ৮৬৪টি। এদের মধ্যে থেকে

......... এরপর ২ পাতায়

নেফ্রোলজি, মেডিসিন, অর্থোপেডিক্স সহ বিভিন্ন ডিসিপ্লিনে

## ১০০ প্রফেসর নিচ্ছে কেন্দ্রীয় সশস্ত্রবাহিনীতে

**কাজকেরিয়ার, নিজস্ব প্রতিনিধি:** প্রফেসর, অ্যাসিস্ট্যান্ট প্রফেসর, অ্যাডিশনাল প্রফেসর, অ্যাসোসিয়েট প্রফেসর এবং অ্যাসিস্ট্যান্ট প্রফেসর পদে ১০০ জনকে নিচ্ছে নতুন দিল্লির সেন্ট্রাল আর্মড পুলিশ ফোর্সেস অব মেডিক্যাল সায়েন্সেসে (সিএপিএফআইএমএস)। ২০২৬ বর্ষের জন্য দিল্লির অল ইন্ডিয়া ইনস্টিটিউট অফ মেডিকেল সায়েন্সেস (AIIMS) CAPFIMS ক্যাম্পাসে বিভিন্ন বিষয়/ ডিসিপ্লিনে সরাসরি নিয়োগ হবে।

প্রফেসর: শূন্যপদ ১৭টি (অসং ৮, তঃজাঃ ২, তঃউঃজাঃ ১, ওবিসি ৩, আর্থিকভাবে কমজোর প্রার্থী ৩)। নিয়োগ হবে চিকিৎসা সম্পর্কিত বিভিন্ন বিষয়/ শাখায়। বয়স হতে হবে ৫০ বছরের মধ্যে। মাইনে সপ্তম

......... এরপর ৩ পাতায়

টেইলর, কবলার, গার্ডেনার, ড্রাইভার, স্টুয়ার্ড, কমিউনিকেশন সহ বিভিন্ন ডিসিপ্লিনে

## সশস্ত্র সীমাবলে ১,০৬০ সিপাই

### ৮২৭ কনস্টেবল

**কাজকেরিয়ার, নিজস্ব প্রতিনিধি:** কনস্টেবল পদে ৮২৭ জনকে নিচ্ছে সশস্ত্র সীমাবলে। এটি ভারতীয় প্রতিরক্ষা মন্ত্রকের অধীনস্থ একটি সংস্থা। নিয়োগ হবে ভেটেরিনারি, ড্রাইভার, গার্ডেনার, কবলার সহ বিভিন্ন ডিসিপ্লিনে। যে কোনও ভারতীয় নাগরিক নীচের মতো যোগ্যতা থাকলে আবেদন করতে পারেন। একজন প্রার্থী কেবলমাত্র একটি পদের জন্যই আবেদন করবেন।

**কনস্টেবল (ভেটেরিনারি):** মোট শূন্যপদ ৩৪টি (অসং ২১, তঃজাঃ ৬, তঃউঃজাঃ ৪, ওবিসি ২, আর্থিকভাবে দুর্বল ১)। কোনও স্বীকৃত বিশ্ববিদ্যালয়/

......... এরপর ৪ পাতায়

### ২৩৩ হেড কনস্টেবল

**কাজকেরিয়ার, নিজস্ব প্রতিনিধি:** হেড কনস্টেবল পদে ২৩৩ জনকে নিচ্ছে সশস্ত্র সীমাবলে। এটি ভারতীয় প্রতিরক্ষা মন্ত্রকের অধীনস্থ একটি সংস্থা। নিয়োগ হবে স্টুয়ার্ড, কমিউনিকেশন, ইলেক্ট্রিশিয়ান এবং ভেটেরিনারি ডিসিপ্লিনে। যে কোনও ভারতীয় নাগরিক নীচের মতো যোগ্যতা থাকলে আবেদন করতে পারেন।

**হেড কনস্টেবল (স্টুয়ার্ড):** মোট শূন্যপদ ২টি (অসং)। কোনও স্বীকৃত বোর্ড/ প্রতিষ্ঠান থেকে দ্বাদশ শ্রেণি পাশ প্রার্থীরা ক্যাটারিং অ্যান্ড কিচেন ম্যানেজমেন্টের ডিপ্লোমাধারী হলে এবং অন্তত ১০০ শয্যাবিশিষ্ট কোনও

......... এরপর ৬ পাতায়

কনস্টেবল পদে

## সিকিউরিটি ফোর্সে ১০

**কাজকেরিয়ার, নিজস্ব প্রতিনিধি:** কনস্টেবল (বার্বার) এবং কনস্টেবল (ওয়াশারম্যান) পদে ১০ জনকে নিচ্ছে ভারত সরকারের স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অধীন দ্য সেক্রেটারিয়েট সিকিউরিটি ফোর্সে(এসএসএফ)। অস্থায়ী ভিত্তিতে নিয়োগ হবে কনস্টেবল (বার্বার এবং ওয়াশারম্যান), জেনারেল সেন্ট্রাল সার্ভিস, গ্রুপ-'সি' নন-গেজেটেড (নন-মিনিস্টেরিয়াল) পদে। পরে স্থায়ী হতে পারে। নীচের মতো যোগ্যতার ভারতীয় পুরুষ

.... এরপর ৫ পাতায়

নন-ক্লিনিক্যাল এবং ক্লিনিক্যাল বিভাগে

## ৮৬ রেসিডেন্ট কর্মচারী রাজ্য বিমা নিগম সংস্থায়

**কাজকেরিয়ার, নিজস্ব প্রতিনিধি:** সিনিয়র রেসিডেন্ট পদে ৮৬ জন ডাক্তার নিচ্ছে কর্মচারী রাজ্য বীমা নিগম, কলকাতায়। নেওয়া হবে সরাসরি সাক্ষাৎকারের মাধ্যমে। ৩ বছরের জন্য, ৭ম কেন্দ্রীয় বেতন কমিশনের অধীনে নিয়োগ হবে ESI-PGIMSR, ESIC মেডিকেল কলেজ ও হাসপাতাল এবং ODC (EZ)-এ কলকাতার জোকায়। নীচের মতো যোগ্যতার প্রার্থীরা সাক্ষাৎকারে উপস্থিত হতে পারেন। যাঁরা সিনিয়র রেসিডেন্ট পদে সরকারি প্রতিষ্ঠানে ৩ বছর চাকরি করেছেন তাঁদের আবেদন করার প্রয়োজন নেই। ৩ বছরের কম সময় ধরে সিনিয়র রেসিডেন্ট পদে সরকারি ইনস্টিটিউশনে কর্মরতরা সংশ্লিষ্ট ইনস্টিটিউট থেকে 'নো অবজেকশন সার্টিফিকেট' পাওয়ার পর আবেদন করতে পারবেন।

সিনিয়র রেসিডেন্ড (নন-

.... এরপর ৫ পাতায়

খিদিরপুর কমিউনিটি হেলথ সেন্টারে

## ৮৬ স্টাফ নার্স নিয়োগ

**কাজকেরিয়ার, নিজস্ব প্রতিনিধি:** স্টাফ নার্স পদে ৮৬ জনকে নিচ্ছে কলকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশনের অধীনস্থ খিদিরপুর আর্বান কমিউনিটি হেলথ সেন্টারে। নিয়োগ হবে সম্পূর্ণ চুক্তির ভিত্তিতে। প্রার্থীকে পশ্চিমবঙ্গের স্থায়ী বাসিন্দা হতে হবে এবং স্থানীয় ভাষার জ্ঞান থাকতে হবে।

স্টাফ নার্স: মোট শূন্যপদ ৮৬টি (অসং ৩৩, অসং-মেধাবি খেলোয়াড় ২, অসং-দৃষ্টিপ্রতিবন্ধী ১, অসং-শ্রবণ প্রতিবন্ধী ১, অসং-অন্যান্য প্রতিবন্ধী ১, আর্থিকভাবে দুর্বল ৮, তঃজাঃ ১৮, তঃজাঃ-শারীরিক প্রতিবন্ধী ১, তঃউঃজাঃ ৬, ওবিসি-এ ৮, ওবিসি-বি ৭)।

ইন্ডিয়ান নার্সিং কাউন্সিল/ ওয়েস্ট বেঙ্গল নার্সিং কাউন্সিল স্বীকৃত প্রতিষ্ঠান থেকে জেনারেল নার্সিং অ্যান্ড মিডওয়াইফারি ট্রেনিং কোর্স পাশরা অথবা নার্সিংয়ের বিএসসি ডিগ্রি পাশরা ওয়েস্ট বেঙ্গল নার্সিং কাউন্সিলে নাম নথিভুক্ত থাকলে এবং বাংলা ভাষা দক্ষ হলে আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১-১-২০২৬ তারিখের হিসেবে

.... এরপর ৮ পাতায়

https://kaajcareer.in

# সম্পাদকীয়

বর্ষ ২০ • সংখ্যা ১১

ইং-১৮ মার্চ, ২০২৬ ● বাং- ৩ চৈত্র, ১৪৩২

## পশ্চিমবঙ্গে ভোটের দামামা

পশ্চিমবঙ্গে ২০২৬-বিধানসভা নির্বাচনের দামামা বেজেছে। ইতিমধ্যেই সব রাজনৈতিক দলের প্রার্থী তালিকা প্রায় চূড়ান্ত। একদিকে শাসক দল তৃণমূল। টানা চতুর্থবার ক্ষমতা ধরে রাখতে মরিয়া। অন্যদিকে পরিবর্তনের লক্ষ্যে বিজেপির কঠিন লড়াইয়ে নামা। ৩৪ বছরের শাসন ক্ষমতায় থাকা বামফ্রন্ট শূন্যের ঘর থেকে আসন জয়ের স্বপ্নে আসরে নেমেছে। আইএসএফ বামেদের সঙ্গে হাত মিলিয়ে প্রার্থী দিয়েছে। কংগ্রেস এবার জোটের জটে না থেকে প্রার্থী ঘোষণা করছে এককভাবে। হুমায়ুন কবীরের জনতা উন্নয়ন পার্টি রাজ্যের ভোট-চিত্র বদলানোর ইঙ্গিত দিয়ে রেখেছে। তবে বাস্তবে তা কতখানি সফল হয় এখন সেটাই দেখার। বঙ্গে ভোট-নির্ঘন্ট ঘোষণা হতেই রাজনৈতিক তৎপরতা তুঙ্গে।বাংলায় বিজেপি কি ক্ষমতায় আসতে পারে? তা নিয়েই আজকের এই প্রতিবেদন। রাজনৈতিক বিশ্লেষক ও সমীক্ষকদের একটা বড় অংশের অভিমত নিয়েই এই রাজনৈতিক চর্চা সামনে রাখা। বঙ্গে বিজেপি কি ক্ষমতায় আসার অঙ্কটা কিন্তু খুব সহজ নয় ! আগামী ২৩ এপ্রিল ১৫২ টি আসনে প্রথম দফার নির্বাচন। ২৯ এপ্রিল ১৪২ আসনে দ্বিতীয় দফার নির্বাচন। ভোট গণনা ৪ মে। বিজেপির ক্ষমতায় আসার সম্ভাবনা নিয়ে জোর ভোটের অঙ্ক চলেছে। প্রথমেই ২০২১ সালের বিধানসভা নির্বাচনে ফলাফলের দিকে নজর দিন। ভোট শতাংশের হারটা দেখুন। তৃণমূল: ৪৭.৯৪% ভোট। আর বিজেপি: ৩৮.১৩% ভোট। অন্যদিকে বাম–কংগ্রেস–আইএসএফ জোট: প্রায় ৮.৬% ভোট পায়। তৃণমূল ও বিজেপি-র ভোট ব্যবধান প্রায় ১০ শতাংশ। ২০২৬ বঙ্গ নির্বাচনে এবার জোট-চিত্র ভিন্ন। প্রশ্ন থাকছেই, জোটের ভোট কতটা অংশ বিজেপির দিকে যেতে পারে?

### কাজকেরিয়ার
### বিশেষ বিজ্ঞপ্তি

কাজকেরিয়ার বিজ্ঞাপনের বিষয়বস্তু ও যথার্থতার যাবতীয় দায়িত্ব বিজ্ঞাপনদাতাদের। কোনও সংস্থার বিজ্ঞাপন বা নিয়োগ বিজ্ঞপ্তি, আইনি সমস্যা সৃষ্টি করলে বা সেটির কারণে কারও আর্থিক ক্ষতির জন্য দায়ী হলে তার যাবতীয় দায়-দায়িত্ব বর্তাবে ওই বিজ্ঞাপনদাতা সংস্থার ওপরেই। এছাড়া কোনও বেসরকারি প্রতিষ্ঠানের বিজ্ঞাপনের পরিপ্রেক্ষিতে আবেদন বা সাক্ষাৎকারের সময় টাকা চাওয়া হলে সাবধানতা অবলম্বন করা একান্ত প্রযোজ্য এবং তা প্রদান করা সম্পূর্ণ যুক্তিসঙ্গত কিনা তাও খতিয়ে দেখে নেবেন। বিজ্ঞাপনদাতারা কোনও প্রতিশ্রুতি পালনে ব্যর্থ হলে কাজকেরিয়ার বা এফেক্ট পাবলিকেশন তারজন্য কোনওভাবেই দায়ী থাকবে না। — *সম্পাদক*

**— চিঠিপত্র বিভাগ —**

চাকরি, ব্যবসা, বাণিজ্য, পড়াশুনা-কোর্স ও পরীক্ষা সংক্রান্ত যে কোনও বিষয়ে জানতে আগ্রহী হলে আমাদের এই বিভাগে চিঠি লিখে জানতে পারেন। আমরা যথাসময়ে আপনার নাম-ঠিকানা উল্লেখে সেই চিঠির উত্তর দেব।

**ঠিকানা ঃ বিডি-৭২, সেক্টর-১, সল্টলেক সিটি, কলকাতা, পশ্চিমবঙ্গ -৭০০ ০৬৪**

### কাজকেরিয়ার

**সম্পাদকীয় ও বিভাগীয় দপ্তর**

**এফেক্ট পাবলিকেশন্স,**
বিডি-৭২, সেক্টর-১, সল্টলেক সিটি, কলকাতা-৭০০ ০৬৪
মোবাইল ঃ ৯৪৩৪৯৭২২৬০
ফোনঃ (০৩৩) ২৩৩৪-৩৫৭৫

**বিজ্ঞাপনের অন্যান্য যোগাযোগ কেন্দ্র**
১১৭ অরবিন্দ সরণী, গ্রাউন্ড ফ্লোর, কলকাতা-৭০০ ০০৬।
বিডি-৭২, সেক্টর-১, সল্টলেক, কলকাতা-৭০০০৬৪
মোবাইল ঃ ৯৪৩৪৯৭২২৬০

**দিল্লি অফিস**
মিষ্ঠি সদন, বি-৩৫২/১, গলি নং-৯৩, সন্ত নগর, বুরারি, অ্যাপেক্স স্কুলের সন্নিকটে, নিউ দিল্লি-১১০০৮৪

**—সম্পাদক—**
প্রবীর মুখোপাধ্যায়
প্রযত্নে ঃ কাজকেরিয়ার
ফোন ঃ (০৩৩) ২৩৩৪-৩৫৭৫
মোবাইল ঃ ৯৪৩৪৯৭২২৬০

Email: editorkaajcareer@gmail.com
Website: www.kaajcareer.in

## ভারতীয় রেলে ১১,১২৭

*১ পাতার পর ..........*

অটোমোবাইল ইঞ্জিনিয়ারিংয়ের ৩ বছরের ডিপ্লোমাধারী হলে বা ওইসব ইঞ্জিনিয়ারিং শাখার কম্বিনেশন নিয়ে ডিপ্লোমাধারী হলেও আবেদনের যোগ্য। এইসব ডিসিপ্লিনের ডিপ্লোমার পরিবর্তে ডিগ্রি পাশরাও আবেদন করতে পারেন। তবে যাঁরা চূড়ান্ত পরীক্ষা দিয়েছেন কিন্তু ফল প্রকাশিত হয়নি, তাঁরা আবেদন করবেন না।

বয়স হতে হবে ১-৭-২০২৬ তারিখের হিসেবে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে। অর্থাৎ জন্মতারিখ হতে হবে অসংরক্ষিত এবং ওবিসি প্রার্থীদের ক্ষেত্রে ২-৭-১৯৯৬ থেকে ১-৭-২০০৮-এর মধ্যে, তফশিলি প্রার্থীদের ক্ষেত্রে ২-৭-১৯৯১ থেকে ১-৭-২০০৮-এর মধ্যে, ওবিসি প্রার্থীদের ক্ষেত্রে ২-৭-১৯৯৩ থেকে ১-৭-২০০৮-এর মধ্যে। তফশিলিরা ৫, ওবিসিরা ৩ বছর এবং প্রাক্তন সমরকর্মীরা সরকারি নিয়ম অনুযায়ী বয়সের ছাড় পাবেন। এছাড়া বিধবা, বিবাহবিচ্ছিন্না, আইনত পতিসঙ্গহীনা মহিলারা পুনরায় বিবাহ না করে থাকলে ৩৫ (তফশিলি হলে ৪০, ওবিসি হলে ৩৮) বছর বয়স পর্যন্ত আবেদনের সুযোগ পাবেন। অন্যদিকে যাঁরা ২৫ বছর পূরণের পূর্বে অ্যাক্ট অ্যাপ্রেন্টিসেস কোর্স পাশ করেছেন তাঁরা ৩৫ (তফশিলি হলে ৪০, ওবিসি হলে ৩৮) বছর বয়স পর্যন্ত আবেদন করতে পারবেন। বেসিক পে মাসে ১৯,৯০০ টাকা। সঙ্গে অন্যান্য ভাতা ও সুযোগ-সুবিধা। দৃষ্টিশক্তি হতে হবে চশমা ছাড়া দূরের ক্ষেত্রে উভয় চোখে ৬/৬ এবং কাছের ক্ষেত্রে চশমা ছাড়া উভয় চোখে Sn ০.৬ হতে হবে। মেডিক্যাল স্ট্যান্ডার্ড হতে হবে A-1 মানের।

প্রার্থীবাছাই হবে সর্বভারতীয় দুটি স্টেজে কম্পিউটার বেসড পরীক্ষা, কম্পিউটার বেসড অ্যাপ্টিটিউড পরীক্ষা, নথিপত্র যাচাই এবং ডাক্তারি পরীক্ষার মাধ্যমে। প্রথম স্টেজের কম্পিউটার পরীক্ষায় থাকবে ম্যাথমেটিক্স, মেন্টাল এবিলিটি, জেনারেল সায়েন্স এবং জেনারেল অ্যাওয়ারনেস বিষয়ের ৭৫টি প্রশ্ন। উত্তরের জন্য সময় পাবেন ৬০ মিনিট। দ্বিতীয় স্টেজের পরীক্ষায় থাকবে দুটি পার্ট। প্রথম পার্টে থাকবে ম্যাথমেটিক্স, জেনারেল ইন্টেলিজেন্স অ্যান্ড রিজনিং, বেসিক সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং বিষয়ের মোট ১০০টি প্রশ্ন। উত্তরের জন্য সময় পাবেন ৯০ মিনিট। দ্বিতীয় পার্টে থাকবে ইলেক্ট্রিশিয়ান/ ইনস্ট্রুমেন্ট মেকানিক/ ওয়্যারম্যান/ আর্মেচার অ্যান্ড কয়েল উইন্ডার/ রেফ্রিজারেশন অ্যান্ড এয়ার কন্ডিশনিং মেকানিক পদের ক্ষেত্রে ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং বা ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের কম্বিনেশনের যে কোনও স্ট্রিম, ইলেক্ট্রনিক্স মেকানিক/ মেকানিক (রেডিও অ্যান্ড টিভি) পদের ক্ষেত্রে ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিং বা ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিংয়ের কম্বিনেশনের যে কোনও স্টিম, ফিটার/ মেকানিক (মোটর ভেহিকল)/ ট্র্যাক্টর মেকানিক/ মেকানিক (ডিজেল)/ টার্নার/ মেশিনিস্ট/ রেফ্রিজারেশন অ্যান্ড এয়ার কন্ডিশনিং মেকানিক/ হিট ইঞ্জিন/ মিলরাইট বা মেন্টেন্যান্স মেকানিক পদের ক্ষেত্রে মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং বা মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের কম্বিনেশনের যে কোনও স্টিম, মেকানিক (মোটর ভেহিকল)/ ট্র্যাক্টর মেকানিক/ মেকানিক (ডিজেল)/ হিট ইঞ্জিন/ রেফ্রিজারেশন অ্যান্ড এয়ার কন্ডিশনিং মেকানিক পদের ক্ষেত্রে অটোমোবাইল ইঞ্জিনিয়ারিং বা অটোমোবাইল ইঞ্জিনিয়ারিংয়ের কম্বিনেশনের যে কোনও স্ট্রিম বিষয়ভিত্তিক ৭৫টি প্রশ্ন। উত্তরের জন্য সময় পাবেন ৬০ মিনিট। কম্পিউটার বেসড পরীক্ষায় নেগেটিভ মার্কিং আছে। প্রতি ৩টি ভুল উত্তরের জন্য ১ নম্বর কাটা যাবে। প্রশ্নপত্র হবে অসমিয়া, বাংলা, গুজরাটি, কান্নাডা, কোঙ্কানি, মালয়ালম, মণিপুরি, মারাঠি, ওড়িয়া, পাঞ্জাবি, তামিল, তেলুগু এবং উর্দু ভাষাতে।

আবেদন করবেন অনলাইনে https://indianrailways.gov.in/ ওয়েবসাইটের মাধ্যমে, ১৪ জুনের মধ্যে। এরজন্য প্রার্থীর একটি বৈধ ইমেল আইডি ও মোবাইল নম্বর থাকা চাই। অনলাইন আবেদন করতে বসার আগে নিজের পাসপোর্ট মাপের ছবি ও সই (উভয় ৩০ থেকে ৭০ কেবি সাইজের মধ্যে) এবং কাস্ট সার্টিফিকেট (৫০০ কেবি সাইজের মধ্যে, পিডিএফ ফর্ম্যাটে) স্ক্যান করে রাখবেন। দরখাস্ত করার সময় আপলোড করতে হবে। ওই ছবিরও আরও ১২ কপি নিজের কাছে রাখ বেন। পরে প্রয়োজন হবে। প্রথমে যাবতীয় তথ্য দিয়ে নাম রেজিস্ট্রেশন করতে হবে। তখন পাবেন রেজিস্ট্রেশন আইডি ও পাসওয়ার্ড। এগুলি যত্ন করে লিখে রাখবেন। আবেদনের ফি বাবদ দিতে হবে ৫০০ (তফশিলি, মহিলা, ট্রান্সজেন্ডার, মেধাবি খেলোয়াড় ইত্যাদি প্রার্থীদের ক্ষেত্রে ২৫০) টাকা। ফি দেবেন অনলাইনে ডেবিট/ ক্রেডিট কার্ড/ নেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে। অনলাইনে ফি পেমেন্ট হয়ে গেলে ই-রিসিপ্টের প্রিন্ট নিয়ে নেবেন। তবে প্রথম স্টেজের কম্পিউটার বেসড পরীক্ষায় বসলে প্রয়োজনীয় চার্জ কেটে ৪০০ (তফশিলি, মহিলা, ট্রান্সজেন্ডার, মেধাবি খেলোয়াড় ইত্যাদি প্রার্থীরা পুরো) টাকা ফেরত পাবেন। এবার যাবতীয় তথ্য সঠিকভাবে যাচাই করে

*......... এরপর ৩ পাতায়*

## ১,৩৫৮ মেডিক্যাল অফিসার

*১ পাতার পর ..........*

শারীরিক প্রতিবন্ধী ৩৪টি। নিয়োগ হবে সেন্ট্রাল হেলথ সার্ভিসে। **অ্যাসিস্ট্যান্ট ডিভিশনাল মেডিক্যাল অফিসার**: মোট শূন্যপদ ৪৫০টি। এরমধ্যে থেকে শারীরিক প্রতিবন্ধী ১৮টি। নিয়োগ হবে রেলওয়েজে। **জেনারেল ডিউটি মেডিক্যাল অফিসার**: মোট শূন্যপদ ১৪টি। নিয়োগ হবে নিউদিল্লি মিউনিসিপ্যাল কাউন্সিলে। **জেনারেল ডিউটি মেডিক্যাল অফিসার গ্রেড-২**: মোট শূন্যপদ ৩০টি। নিয়োগ হবে দিল্লি মিউনিসিপ্যাল কর্পোরেশনে।

এমবিবিএস ফাইনাল পরীক্ষায় লিখিত ও প্রাক্টিক্যাল বিষয়ে পাশ করে থাকলে আবেদন করতে পারেন। যাঁরা এই পরীক্ষায় বসেছেন বা বসবেন তাঁরাও শর্তসাপেক্ষে আবেদনের যোগ্য। এছাড়া যাঁরা আবশ্যিক রোটেটিং ইন্টার্নশিপ করছেন বা করবেন তাঁরাও আবেদনের যোগ্য। তবে তাঁদের ক্ষেত্রে বাছাইয়ের পর ইন্টার্নশিপ সম্পূর্ণ হওয়ার পরই নিয়োগ হবে। প্রার্থীকে শারীরিক ও মানসিকভাবে সুস্থ ও সবল হতে হবে। সেন্ট্রাল হেলথ সার্ভিসে মেডিক্যাল অফিসার পদে নিয়োগ হবে অস্থায়ীভাবে। তবে তা স্থায়ী হওয়ার সম্ভাবনা আছে। এই পদের ক্ষেত্রে শুরুতে ১ বছরে প্রবেশন। সফল প্রবেশন শেষে নিয়োগ হলে তখন মূল মাইনে ৫৬,১০০ - ১,৭৭, ৫০০ টাকা। নিউদিল্লি মিউনিসিপ্যাল কাউন্সিলে জেনারেল ডিউটি মেডিক্যাল অফিসার পদের ক্ষেত্রে মূল মাইনে ৫৬,১০০ - ১,৭৭, ৫০০ টাকা। দিল্লি মিউনিসিপ্যাল কর্পোরেশনের জেনারেল ডিউটি মেডিক্যাল অফিসার গ্রেড-২ পদের ক্ষেত্রে মূল মাইনে ১৫,৬০০ - ৩৯, ১০০ টাকা। সঙ্গে গ্রেড পে ৫,৪০০ টাকা।

বয়স হতে হবে ১-৮-২০২৬ তারিখের হিসেবে ৩২ বছরের মধ্যে। অর্থাৎ জন্মতারিখ হতে হবে ২-৮-১৯৯৪ বা তার পরে। তবে সেন্ট্রাল হেলথ সার্ভিসে মেডিক্যাল অফিসার পদের ক্ষেত্রে ওই তারিখের হিসেবে বয়স হতে হবে ৩৫ বছরের মধ্যে। তফশিলিরা ৫, ওবিসিরা ৩, শারীরিক প্রতিবন্ধীরা ১০ (তফশিলি হলে ১৫, ওবিসি হলে ১৩) বছর এবং প্রাক্তন সমরকর্মীরা সরকারি নিয়ম অনুযায়ী বয়সের ছাড় পাবেন।

*......... এরপর ৩ পাতায়*

## ১,৩৫৮ মেডিক্যাল অফিসার

২ পাতার পর ..........

প্রার্থীবাছাই হবে লিখিত পরীক্ষা, ইন্টারভিউ/ পার্সোনালিটি টেস্ট, নথিপত্র যাচাই ও ডাক্তারি পরীক্ষার মাধ্যমে। মোট ৫০০ নম্বরের লিখিত পরীক্ষায় থাকবে ২টি পার্ট। প্রথম পেপারে থাকবে ২৫০ নম্বরের জেনারেল মেডিসিন অ্যান্ড পেডিয়াট্রিক বিষয়ের ১২০টি প্রশ্ন। যারমধ্যে ৯৬টি প্রশ্ন থাকবে জেনারেল মেডিসিন বিষয়ে এবং ২৪টি প্রশ্ন থাকবে পেডিয়াট্রিক বিষয়ে। উত্তরের জন্য সময় পাবেন ২ ঘণ্টা। দ্বিতীয় পেপারে থাকবে ২৫০ নম্বরের সার্জারি, গায়নোকলজি অ্যান্ড অবস্টেট্রিক্স এবং প্রিভেন্টিভ অ্যান্ড সোশ্যাল মেডিসিন বিষয়ের ১২০টি প্রশ্ন। এরমধ্যে প্রতিটি বিষয়ে থাকবে ৪০টি প্রশ্ন। উত্তরের জন্য সময় পাবেন ২ ঘণ্টা। পরীক্ষা হবে ২ আগস্ট। অবজেক্টিভ টাইপের প্রশ্নে নেগেটিভ মার্কিং আছে। প্রতি ৩টি ভুলের জন্য ১ নম্বর কাটা যাবে। পরীক্ষার ই-অ্যাডমিট কার্ড ডাউনলোড করতে পারবেন পরীক্ষার তারিখের ৩ সপ্তাহ আগে। পরীক্ষা কেন্দ্রগুলি হল— কলকাতা, আগরতলা, আমেদাবাদ, আইজল, বেঙ্গালুরু, বারেলি, ভোপাল, চণ্ডীগড়, চেন্নাই, কটক, দেরাদুন, দিল্লি, ধারোয়াদ, দিশপুর, গ্যাংটক, হায়দরাবাদ, ইম্ফল, ইটানগর, জয়পুর, জম্মু, জোরহাট, কোচি, কোহিমা, লক্ষ্ণৌ, মাদুরাই, মুম্বাই, নাগপুর, পানাজি (গোয়া), পাটনা, পোর্ট ব্লেয়ার, প্রয়াগরাজ (এলাহাবাদ), রাইপুর, রাঁচি, সম্বলপুর, শিলং, শিমলা, শ্রীনগর, তিরুবনন্তপুরম, তিরুপতি, উদয়পুর এবং বিশাখাপত্তনম। পরীক্ষার বিস্তারিত সিলেবাস পাবেন নীচে বলা ওয়েবসাইটে। এতে সফলদের হবে ১০০ নম্বরের পার্সোনালিটি টেস্ট। লিখিত পরীক্ষায় ফল প্রকাশিত হবে আগস্ট/ সেপ্টেম্বর মাস নাগাদ। পরীক্ষার বিস্তারিত সিলেবাস পাবেন নিচে বলা ওয়েবসাইটে। লিখিত পরীক্ষার ফল প্রকাশের পর নথিপত্র যাচাইয়ের জন্য অনলাইন আবেদনপত্রের প্রিন্ট সহ বয়সের প্রমাণপত্র, যাবতীয় শিক্ষাগত যোগ্যতার মার্কশিট ও সার্টিফিকেট, জাতিগত শংসাপত্র, শারীরিক প্রতিবন্ধকতার সার্টিফিকেট ইত্যাদির মূল সহ স্বপ্রত্যয়িত জেরক্স প্রস্তুত রাখবেন।

আবেদন করবেন অনলাইনে https://upsconline.nic.in ওয়েবসাইটের মাধ্যমে, ৩১ মার্চের মধ্যে। এরজন্য প্রার্থীর একটি বৈধ ইমেল আইডি ও মোবাইল নম্বর থাকা চাই। অনলাইন আবেদন করতে বসার আগে নিজের পাসপোর্ট মাপের ছবি ও সই (উভয়ই ২০ থেকে ৩০০ কেবি সাইজের মধ্যে) স্ক্যান করে রাখবেন। দরখাস্ত করার সময় আপলোড করতে হবে। প্রথমে রেজিস্ট্রেশন করতে হবে। তখন পাবেন রেজিস্ট্রেশন আইডি ও পাসওয়ার্ড। আবেদনের ফি বাবদ দিতে হবে ২০০ টাকা। অনলাইন বা অফলাইনে ফি জমা দিতে হবে। অনলাইনে দেবেন ভিসা/ মাস্টার/ রুপে ক্রেডিট কার্ড বা ডেবিট কার্ডের মাধ্যমে। তফশিলি, মহিলা ও শারীরিক প্রতিবন্ধীদের এই ফি দিতে হবে না। এবার যাবতীয় তথ্য সঠিকভাবে যাচাই করে সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্মের প্রিন্ট নিয়ে নিজের কাছে রাখবেন। পরে প্রয়োজন হবে। প্রয়োজনে প্রার্থীরা অ্যাপ্লিকশন উথড্রল করতে পারবেন। এই নিয়োগের বিজ্ঞপ্তি নং: 09/2026-CMS. আরও বিস্তারিত জানতে পারবেন ওপরে বলা ওয়েবসাইটে।

## ভারতীয় রেলে ১১,১২৭

২ পাতার পর ..........

সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্মের প্রিন্ট নিয়ে নিজের কাছে রাখবেন। পরে প্রয়োজন হবে। আবেদনপত্রে কোনও সংশোধন থাকলে তা করতে পারবেন ১৪ থেকে ২৩ মে-র মধ্যে। ই নিয়োগের সেন্ট্রালাইজড বিজ্ঞপ্তি নং: CEN 01/2026. আরও বিস্তারিত জানতে পারবেন নীচে বলা সংশ্লিষ্ট রিক্রুটমেন্ট বোর্ডের ওয়েবসাইটে। সংশ্লিষ্ট রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের ওয়েবসাইটগুলি হল— আমেদাবাদ আরআরবি—https://rrbahmedabad.gov.in/, আজমের আরআরবি—https://rrbajmer.gov.in/, বেঙ্গালুরু আরআরবি— https://bnc.gov.in, ভোপাল আরআরবি—https://rrbbhopal.gov.in/, ভুবনেশ্বর আরআরবি— https://rrbbbs.gov.in/, বিলাসপুর আরআরবি— http://rrbbilaspur.gov.in/, চণ্ডীগড় আরআরবি—https://www.rrbcdg.gov.in/, চেন্নাই আরআরবি— https://www.rrbchennai.gov.in/, গোরক্ষপুর আরআরবি—https://www.rrbgkp.gov.in/, গুয়াহাটি আরআরবি—https://www.rrbgkp.gov.in/, জম্মু-শ্রীনগর আরআরবি—https://www.rrbjammu.nic.in/, কলকাতা আরআরবি—https://www.rrbkolkata.gov.in/, মালদা আরআরবি—https://www.rrbmalda.gov.in/, মুম্বাই আরআরবি— https://www.rrbmumbai.gov.in/, মুজফফরপুর আরআরবি— https://rrbmuzaffarpur.gov.in/, পাটনা আরআরবি— https://www.rrbpatna.gov.in/, প্রয়াগরাজ আরআরবি— https://www.rrcpryj.org/, রাঁচি আরআরবি—https://rrbranchi.gov.in/, সেকেন্দ্রাবাদ আরআরবি—https://rrbsecunderabad.gov.in/, শিলিগুড়ি আরআরবি—https://www.rrbsiliguri.gov.in/, তিরুবনন্তপুরম আরআরবি— https://www.rrbthiruvananthapuram.gov.in/. উল্লেখ্য, এই নিয়োগের শূন্যপদের বিন্যাস, শিক্ষাগত যোগ্যতা ইত্যাদি বিস্তারিত বিজ্ঞপ্তি এখনও প্রকাশিত হয়নি। প্রকাশিত হলে তা কাজকেরিয়ারে জানিয়ে দেওয়া হবে।

## ১০০ প্রফেসর নিচ্ছে

১ পাতার পর ..........

সিপিসির লেভেল ১৪এ অনুযায়ী ১,৬৮,৯০০ - ২,২০,৪০০ টাকা।

অ্যাডিশনাল প্রফেসর: শূন্যপদ ১৭টি (অসং ৯, তঃজাঃ ৩, তঃউঃজাঃ ১, ওবিসি ২, আর্থিকভাবে কমজোর প্রার্থী ২)। নিয়োগ হবে চিকিৎসা সম্পর্কিত বিভিন্ন বিষয়/ শাখায়। বয়স হতে হবে ৫০ বছরের মধ্যে। মাইনে সপ্তম সিপিসির লেভেল ১৩এ২ অনুযায়ী ১,৪৮,২০০ - ২,১১,৪০০ টাকা।

অ্যাসোসিয়েট প্রফেসর: শূন্যপদ ১৭টি (অসং ৫, তঃজাঃ ৪, তঃউঃজাঃ ১, ওবিসি ৬, আর্থিকভাবে কমজোর প্রার্থী ১)। নিয়োগ হবে চিকিৎসা সম্পর্কিত বিভিন্ন বিষয়/ শাখায়। বয়স হতে হবে ৫০ বছরের মধ্যে। মাইনে সপ্তম সিপিসির লেভেল ১৩এ১ অনুযায়ী ১,৩৮,৩০০ - ২,০৯,২০০ টাকা।

অ্যাসিস্ট্যান্ট প্রফেসর: শূন্যপদ ৪৯টি (অসং ২২, তঃজাঃ ৮, তঃউঃজাঃ ২, ওবিসি ১৩, আর্থিকভাবে কমজোর প্রার্থী ৪)। নিয়োগ হবে চিকিৎসা সম্পর্কিত বিভিন্ন বিষয়/ শাখায়। বয়স হতে হবে ৫০ বছরের মধ্যে। মাইনে সপ্তম সিপিসির লেভেল ১২ অনুযায়ী ১,০১,৫০০ - ১,৬৭,৪০০ টাকা।

ওপরে বলা সব পদের ক্ষেত্রেই সরকারি নিয়ম অনুযায়ী বয়সের ছাড় আছে। তবে, যে কোনও ছাড় সহ বয়সের উর্ধ্বসীমা ৫৫ বছর।

অ্যাডিশনাল প্রফেসর নিয়োগ হবে বার্নস অ্যান্ড প্লাস্টিক সার্জারি, কার্ডিওথোরাসিক সার্জারি, গ্যাস্ট্রোএন্টেরোলজি, মেডিক্যাল অনকোলজি, নেফ্রোলজি, নিউক্লিয়ার মেডিসিন, অর্থোপেডিক্স, পালমোনারি মেডিসিন, ইউরোলজি সহ মোট ১৭টি পদে। অ্যাডিশনাল পদের জন্য আবশ্যিক শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা: ১) ইন্ডিয়ান মেডিকেল কাউন্সিল অ্যাক্ট, ১৯৫৬-এর প্রথম ও দ্বিতীয় সিডিউল অথবা তৃতীয় সিডিউলের দ্বিতীয় অংশে অন্তর্ভুক্ত কোনও মেডিক্যাল শিক্ষাগত যোগ্যতা থাকা চাই। ২) সংশ্লিষ্ট শাখায় বা বিষয়ে এমডি/ এমএস ডিগ্রি কিংবা সমতুল স্বীকৃত যোগ্যতা থাকা চাই। অন্যদিকে, সার্জিক্যাল সুপার-স্পেশালিটির জন্য এম.সিএইচ. এবং মেডিকেল সুপার-স্পেশালিটির জন্য (২ বছর, ৩ বছর, ৫ বছর বা ৬ বছর মেয়াদী স্বীকৃত কোর্স) ডি.এম. ডিগ্রি বা সমতুল স্বীকৃত কোনও ডিগ্রি থাকা চাই। অভিজ্ঞতা: ক) এমডি/ এমএস/ সমতুল স্বীকৃত ডিগ্রি অর্জনের পর সংশ্লিষ্ট স্পেশ্যালাইজেশন বিষয়ে অন্তত ১০ বছরের শিক্ষকতা এবং/অথবা গবেষণার অভিজ্ঞতা থাকা চাই। অথবা খ) এমবিবিএস -এর পর (২ বা ৫ বছর মেয়াদী) ডি.এম./ এম.সিএইচ. ডিগ্রি/ সমতুল স্বীকৃত ডিগ্রি অর্জনের পর সংশ্লিষ্ট স্পেশ্যালাইজেশন বিষয়ে অন্তত ৮ বছরের শিক্ষকতা এবং/অথবা গবেষণার অভিজ্ঞতা থাকা চাই। অথবা গ) সংশ্লিষ্ট স্পেশ্যালাইজেশন বিষয়ে (৩ বছর বা ৬ বছর মেয়াদী) স্বীকৃত ডি.এম./ এম.সিএইচ. ডিগ্রি বা সমতুল স্বীকৃত ডিগ্রি অর্জনের পর কোনও স্বীকৃত প্রতিষ্ঠানে অন্তত

........ এরপর ৪ পাতায়

### কার্পেন্টার, ওয়েল্ডার, ফিটার সহ বিভিন্ন ডিসিপ্লিনে

# ২,৮০১ অ্যাপ্রেন্টিস দক্ষিণ-মধ্য রেলে

**কাজকেরিয়ার, নিজস্ব প্রতিনিধি:** অ্যাপ্রেন্টিসেস অ্যাক্ট, ১৯৬১ এবং অ্যাপ্রেন্টিসশিপ রুলস, ১৯৬২ -র অধীনে ট্রেনিংয়ের জন্য ২৮০১ আসনে অ্যাক্ট অ্যাপ্রেন্টিস নিচ্ছে দক্ষিণ-মধ্য রেলে। দক্ষিণ ভারতের নির্ধারিত রাজ্য/ জেলাগুলিতে বসবাসকারী প্রার্থীরা নীচের মতো যোগ্যতা থাকলে আবেদন করতে পারবেন।

ট্রেড অনুযায়ী এবং ও কমিউনিটি অনুযায়ী ট্রেনিং স্লটের বিভাজন:- এসি মেকানিক ট্রেডে: মোট স্লট ২৫১টি (অসং ১০২, তঃজাঃ ৩৮, তঃউঃজাঃ ১৯, ওবিসি ৬৭, আর্থিকভাবে কমজোর প্রার্থী ২৫ এবং এসবের মধ্যে থেকে প্রতিবন্ধী ১০, প্রাক্তন সমরকর্মী ৮)। কার্পেন্টার ট্রেডে: মোট স্লট ২২টি (অসং ৯, তঃজাঃ ৩, তঃউঃজাঃ ২, ওবিসি ৬, আর্থিকভাবে কমজোর প্রার্থী ২ এবং এসবের মধ্যে থেকে প্রতিবন্ধী ১, প্রাক্তন সমরকর্মী ১)। কোপা (COPA) ট্রেডে: মোট স্লট ১৮১টি (অসং ৭৩, তঃজাঃ ২৭, তঃউঃজাঃ ১৪, ওবিসি ৪৯, আর্থিকভাবে কমজোর প্রার্থী ১৮ এবং এসবের মধ্যে থেকে প্রতিবন্ধী ৭, প্রাক্তন সমরকর্মী ৫)। ডিজেল মেকানিক ট্রেডে: মোট স্লট ১০৫টি (অসং ৪৩, তঃজাঃ ১৬, তঃউঃজাঃ ৮, ওবিসি ২৮, আর্থিকভাবে কমজোর প্রার্থী ১০ এবং এসবের মধ্যে থেকে প্রতিবন্ধী ৪, প্রাক্তন সমরকর্মী ৩)। ইলেক্ট্রিশিয়ান ট্রেডে: মোট স্লট ১২৫৮টি (অসং ৫১১, তঃজাঃ ১৮৯, তঃউঃজাঃ ৯৫, ওবিসি ৩৩৯, আর্থিকভাবে কমজোর প্রার্থী ১২৪ এবং এসবের মধ্যে থেকে প্রতিবন্ধী ৫১, প্রাক্তন সমরকর্মী ৩৮)। ইলেক্ট্রনিক মেকানিক ট্রেডে: মোট স্লট ৮৮টি (অসং ৩৬, তঃজাঃ ১৩, তঃউঃজাঃ ৭, ওবিসি ২৪, আর্থিকভাবে কমজোর প্রার্থী ৮ এবং এসবের মধ্যে থেকে প্রতিবন্ধী ৪, প্রাক্তন সমরকর্মী ৩)। ফিটার ট্রেডে: মোট স্লট ৫৩৯টি (অসং ২১৯, তঃজাঃ ৮১, তঃউঃজাঃ ৪০, ওবিসি ১৪৬, আর্থিকভাবে কমজোর প্রার্থী ৫৩ এবং এসবের মধ্যে থেকে প্রতিবন্ধী ২২, প্রাক্তন সমরকর্মী ১৬)। ইন্ডাস্ট্রিয়াল ইলেক্ট্রনিক্স ট্রেডে: মোট স্লট ৩৩টি (অসং ১৪, তঃজাঃ ৫, তঃউঃজাঃ ২, ওবিসি ৯, আর্থিকভাবে কমজোর প্রার্থী ৩ এবং এসবের মধ্যে থেকে প্রতিবন্ধী ১, প্রাক্তন সমরকর্মী ১)। মেশিনিস্ট ট্রেডে: মোট স্লট ৫৪টি (অসং ২২, তঃজাঃ ৮, তঃউঃজাঃ ৪, ওবিসি ১৫, আর্থিকভাবে কমজোর প্রার্থী ৫ এবং এসবের মধ্যে থেকে প্রতিবন্ধী ২, প্রাক্তন সমরকর্মী ২)। মেকানিক মেশিন টুল মেন্টেন্যান্স ট্রেডে: মোট স্লট ২৪টি (অসং ১০, তঃজাঃ ৪, তঃউঃজাঃ ২, ওবিসি ৬, আর্থিকভাবে কমজোর প্রার্থী ২ এবং এসবের মধ্যে থেকে প্রতিবন্ধী ১, প্রাক্তন সমরকর্মী ১)। মোটর মেকানিক ট্রেডে: মোট স্লট ১২টি (অসং ৫, তঃজাঃ ২, তঃউঃজাঃ ১, ওবিসি ৩, আর্থিকভাবে কমজোর প্রার্থী ১)। পেইন্টার ট্রেডে: মোট স্লট ৩২টি (অসং ১৩, তঃজাঃ ৫, তঃউঃজাঃ ২, ওবিসি ৯, আর্থিকভাবে কমজোর প্রার্থী ৩ এবং এসবের

........ এরপর ৭ পাতায়

https://kaajcareer.in

## ১০০ প্রফেসর নিচ্ছে

৩ পাতার পর ..........

৭ বছরের শিক্ষকতা এবং/অথবা গবেষণার অভিজ্ঞতা থাকা চাই।

অ্যাসোসিয়েট প্রফেসর নিয়োগ হবে বার্নস অ্যান্ড প্লাস্টিক সার্জারি, কার্ডিওথোরাসিক সার্জারি, মেডিক্যাল অনকোলজি, নেফ্রোলজি, পালমোনারি মেডিসিন, ইউরোলজি সহ মোট ১৭টি পদে। অ্যাসোসিয়েট প্রফেসর পদের জন্য আবশ্যিক শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা: ১) ইন্ডিয়ান মেডিকেল কাউন্সিল অ্যাক্ট, ১৯৫৬-এর প্রথম ও দ্বিতীয় সিডিউল অথবা তৃতীয় সিডিউলের দ্বিতীয় অংশে অন্তর্ভুক্ত কোনও মেডিক্যাল শিক্ষাগত যোগ্যতা থাকা চাই। ২) সংশ্লিষ্ট শাখায় বা বিষয়ে এমডি/ এমএস ডিগ্রি কিংবা সমতুল স্বীকৃত যোগ্যতা থাকা চাই এবং/ অথবা সার্জিক্যাল সুপার-স্পেশালিটির জন্য এম.সিএইচ. এবং মেডিকেল সুপার-স্পেশালিটির জন্য (২ বছর, ৩ বছর, ৫ বছর বা ৬ বছর মেয়াদী স্বীকৃত কোর্স) ডি.এম. ডিগ্রি বা সমতুল স্বীকৃত কোনও ডিগ্রি থাকা চাই। অভিজ্ঞতা: ক) এমডি/ এমএস/ সমতুল স্বীকৃত ডিগ্রি অর্জনের পর সংশ্লিষ্ট স্পেশ্যালাইজেশন বিষয়ে অন্তত ৬ বছরের শিক্ষকতা এবং/ অথবা গবেষণার অভিজ্ঞতা থাকা চাই। অথবা খ) এমবিবিএস -এর পর (২ বা ৫ বছর মেয়াদী) ডি.এম./ এম.সিএইচ. ডিগ্রি/ সমতুল স্বীকৃত ডিগ্রি অর্জনের পর সংশ্লিষ্ট স্পেশ্যালাইজেশন বিষয়ে অন্তত ৪ বছরের শিক্ষকতা এবং/ অথবা গবেষণার অভিজ্ঞতা থাকা চাই। অথবা গ) সংশ্লিষ্ট স্পেশ্যালাইজেশন বিষয়ে (৩ বছর বা ৬ বছর মেয়াদী) স্বীকৃত ডি.এম./ এম.সিএইচ. ডিগ্রি বা সমতুল স্বীকৃত ডিগ্রি অর্জনের পর কোনও স্বীকৃত প্রতিষ্ঠানে অন্তত ৩ বছরের শিক্ষকতা এবং/অথবা গবেষণার অভিজ্ঞতা থাকা চাই।

অ্যাসিস্ট্যান্ট প্রফেসর নিয়োগ হবে বায়োস্ট্যাটিস্টিক্স, বার্নস অ্যান্ড প্লাস্টিক সার্জারি, কার্ডিওথোরাসিক সার্জারি, গ্যাস্ট্রোএন্টেরোলজি, হসপিটাল অ্যাডমিনিস্ট্রেশন, মেডিক্যাল অনকোলজি, নিউক্লিয়ার মেডিসিন, পেডিয়াট্রিক সার্জারি, রেডিওথেরাপি, সার্জিক্যাল অনকোলজি, ইউরোলজি সহ মোট ২১টি পদে। শিক্ষাগত যোগ্যতা এবং অভিজ্ঞতা: বায়োস্ট্যাটিস্টিক্স -এর জন্য: ১) স্ট্যাটিস্টিক্স/ বায়োস্ট্যাটিস্টিক্সের মাস্টার্স ডিগ্রিধারী হতে হবে। ২) স্বীকৃত ডক্টরেট ডিগ্রিধারী হতে হবে। ৩) ডক্টরেট ডিগ্রি অর্জনের পর সংশ্লিষ্ট বিষয়/ শাখায় কোনও স্বীকৃত প্রতিষ্ঠানে ৩ বছরের শিক্ষকতা এবং/ অথবা গবেষণার অভিজ্ঞতা থাকতে হবে। বার্নস অ্যান্ড প্লাস্টিক সার্জারি -র জন্য: ১) ইন্ডিয়ান মেডিকেল কাউন্সিল অ্যাক্ট, ১৯৫৬-এর প্রথম ও দ্বিতীয় সিডিউল অথবা তৃতীয় সিডিউলের দ্বিতীয় অংশে অন্তর্ভুক্ত কোনও মেডিক্যাল শিক্ষাগত যোগ্যতা থাকা চাই। ২) প্লাস্টিক সার্জারির জন্য: (২ বছর, ৩ বছর, ৫ বছর বা ৬ বছর মেয়াদী স্বীকৃত) এম.সিএইচ. ডিগ্রি/ সমতুল কোনও ডিগ্রি থাকতে হবে। ৩) প্লাস্টিক সার্জারিতে (২ বছর বা ৫ বছর মেয়াদী স্বীকৃত) এম.সিএইচ. ডিগ্রি/ সমতুল স্বীকৃত ডিগ্রি অর্জনের পর স্পেশ্যালাইজেশন বিষয়ে কোনও স্বীকৃত প্রতিষ্ঠানে ১ বছরের শিক্ষকতা এবং/ অথবা গবেষণার অভিজ্ঞতা থাকা চাই। তবে,প্লাস্টিক সার্জারিতে ৩ বছর বা ৬ বছর মেয়াদী স্বীকৃত এম.সিএইচ. ডিগ্রিধারীদের ক্ষেত্রে কোনও অভিজ্ঞতা থাকার প্রয়োজন নেই। অ্যাসিস্ট্যান্ট প্রফেসরের অন্যান্য পদগুলির শিক্ষাগত যোগ্যতা এবং/ অথবা অভিজ্ঞতা সম্পর্কিত বিস্তারিত তথ্য পাবেন ওয়েবসাইটে।

প্রফেসর নিয়োগ হবে এই ১৭টি পদে: বার্নস অ্যান্ড প্লাস্টিক সার্জারি, কার্ডিওথোরাসিক সার্জারি,গ্যাস্ট্রোএন্টেরোলজি, মেডিক্যাল হেমাটোলজি,মেডিক্যাল অনকোলজি, নেওন্যাটোলজি, নেফ্রোলজি, নিউরোসার্জারি, নিউক্লিয়ার মেডিসিন, অর্থোপেডিক্স, পেডিয়াট্রিক সার্জারি, পালমোনারি মেডিসিন, রেডিওথেরাপি,রিউমাটোলজি অ্যান্ড ক্লিনিক্যাল ইমিউনোলজি, সার্জিক্যাল গ্যাসট্রোএন্টেরোলজি, সার্জিক্যাল অনকোলজি এবং ইউরোলজি। ১) ১৯৫৬ সালের ভারতীয় মেডিকেল কাউন্সিল আইনের প্রথম ও দ্বিতীয় সিডিউল অথবা তৃতীয় সিডিউলের দ্বিতীয় অংশে অন্তর্ভুক্ত কোনও মেডিক্যাল যোগ্যতা থাকা চাই। ২) সংশ্লিষ্ট শাখা বা বিষয়ে এমডি/ এমএস/ সমতুল স্বীকৃত কোনও যোগ্যতা থাকা চাই। এবং/ অথবা সার্জিক্যাল সুপার-স্পেশালিটির ক্ষেত্রে এম.সিএইচ. এবং মেডিকেল সুপার-স্পেশালিটির ক্ষেত্রে (২ বছর, ৩ বছর, ৫ বছর বা ৬ বছর মেয়াদী),ডি.এম. ডিগ্রি/ সমতুল স্বীকৃত কোনও ডিগ্রি থাকা চাই। অভিজ্ঞতা: সংশ্লিষ্ট শাখায় বা বিষয়ে এমডি/ এমএস ডিগ্রি/ সমতুল স্বীকৃত ডিগ্রি অর্জনের পর, কোনও স্বীকৃত প্রতিষ্ঠানে স্পেশ্যালাইজেশন বিষয়ে অন্তত ১৪ বছরের শিক্ষকতা এবং/ অথবা গবেষণার অভিজ্ঞতা থাকা চাই। অথবা ২ বছর বা ৫ বছরের স্বীকৃত এমবিবিএস ডিগ্রির পর সংশ্লিষ্ট শাখায় বা বিষয়ে এম.সিএইচ./ ডি.এম. ডিগ্রি অর্জনের পর, কোনও স্বীকৃত প্রতিষ্ঠানে স্পেশ্যালাইজেশন বিষয়ে অন্তত ১২ বছরের শিক্ষকতা এবং/ অথবা গবেষণার অভিজ্ঞতা থাকা চাই। প্রফেসর পদের শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা সংক্রান্ত আরও বিস্তারিত তথ্য পাবেন ওয়েবসাইটে।

ইন্টারভিউয়ের সময় (বাধ্যতামূলক) প্রমাণপত্র যাচাই হবে। ইন্টারভিউয়ে ডাক পেলে সঙ্গে নিতে হবে - অনলাইন আবেদনপত্রের প্রিন্টআউট, আপলোড করা প্রমাণপত্রগুলির ১ সেট স্ব-প্রত্যয়িত ফটো কপি (যদি ২টি পৃথক পোস্ট কোডে আবেদন করে থাকেন তাহলে ২ সেট স্ব-প্রত্যয়িত ফটোকপি। যাবতীয় মূল প্রমাণপত্র, যেমন- বয়সের প্রমাণপত্র হিসেবে মাধ্যমিক/ সমতুলের সার্টিফিকেট অথবা স্কুল লিভিং সার্টিফিকেট, শিক্ষাগত যোগ্যতার যাবতীয় প্রমাণপত্র, (যে পদে যেমন প্রযোজ্য) মেডিকেল কাউন্সিল অফ ইন্ডিয়া (MCI),ডেন্টাল কাউন্সিল অফ ইন্ডিয়া (DCI) অথবা INC / রাজ্য নার্সিং কাউন্সিল -এর রেজিস্ট্রেশন সার্টিফিকেট, (প্রযোজ্য হলে) তফশিলি/ ওবিসি/ ইডব্লিউএস/ প্রতিবন্ধী সার্টিফিকে এবং অভিজ্ঞতার সার্টিফিকেট। ইন্টারভিউয়ের অন্তত ২ সপ্তাহ আগে ইন্টারভিউয়ের দিনক্ষণ নীচে বলা ওয়েবসাইটে জানানো হবে। বাছাই প্রার্থীরা তাঁদের নামের তালিকা পাবেন ওয়েবসাইটে। এবিষয়ে সমস্ত যোগাযোগ করা হবে MyPage, Email and SMS -এর মাধ্যমে।

এইমস নতুন দিল্লির এক্সাম সেকশনে আবেদন করবেন অনলাইনে, এইমসের এক্সাম ওয়েবসাইট (https://aiimsexams.ac.in)-এর 'রিক্রুটমেন্ট' লিঙ্কে, নির্ধারিত বয়ান পূরণ করে, ২৮ মার্চ, ২০২৬ বিকেল ৫টার মধ্যে। ১টি পোস্ট কোডের জন্য ১টি মাত্র আবেদন করবেন। একাধিক পোস্ট কোডে জন্য আবেদন করতে পারেন, সেক্ষেত্রে পৃথক আবেদন করতে হবে। ই-মেইল/ চিঠির মাধ্যমে রেজিস্ট্রেশনের সময় তথ্যের পরিবর্তন করা যাবে না। আবেদনের ফি ৩,০০০ (তফশিলি/ আর্থিকভাবে কমজোর প্রার্থী হলে ২,৪০০) টাকা। প্রতিবন্ধী প্রার্থীদের ফি দিতে হবে না। আবেদন করার আগে যোগ্যতা সম্পর্কে নিশ্চিত হবেন। বিজ্ঞপ্তি নং 21/2026, 22/2026, 23/2026. আরও বিস্তারিত তথ্য পাবেন ওয়েবসাইটে।

## ৮২৭ কনস্টেবল

১ পাতার পর ..........

প্রতিষ্ঠান থেকে বিজ্ঞান মূল বিষয় নিয়ে দশম শ্রেণি পাশরা কোনও ভেটেরিনারি হাসপাতালে বিভিন্ন প্রজাতির পশুদের চিকিৎসার কাজে অন্তত ১ বছরের অভিজ্ঞতা থাকলে আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে।

**কনস্টেবল (ড্রাইভার) কেবলমাত্র পুরুষ:** মোট শূন্যপদ ৫৫৩টি (অসং ২৪৪, তঃজাঃ ৮১, তঃউঃজাঃ ৩৮, ওবিসি ১৪৫, আর্থিকভাবে দুর্বল ৪৫)। কোনও স্বীকৃত বোর্ড থেকে দশম শ্রেণি পাশরা ভারি গাড়ি চালানোর বৈধ লাইসেন্সধারী হলে আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে।

**কনস্টেবল (গার্ডেনার):** মোট শূন্যপদ ৪১টি (অসং ১৮, তঃজাঃ ৯, তঃউঃজাঃ ৪, ওবিসি ৭, আর্থিকভাবে দুর্বল ৩)। কোনও স্বীকৃত বিশ্ববিদ্যালয়/ প্রতিষ্ঠান থেকে মাধ্যমিক/ সমতুল পাশ প্রার্থীরা গার্ডেরিনংয়ের কাজে ২ বছরের অভিজ্ঞতা থাকলে অথবা মাধ্যমিক/ সমতুল পাশরা আইটিআই/ ভোকেশনাল প্রতিষ্ঠানে থেকে গার্ডেনিংয়ের ১ বছরের আইটিআই সার্টিফিকেটধারী এবং সংশ্লিষ্ট কাজে ১ বছরের অভিজ্ঞতা থাকলে অথবা স্বীকৃত আইটিআই থেকে ২ বছরের ডিপ্লোমাধারী হলে আবেদন করতে পারেন। এই পদের ক্ষেত্রে প্রার্থীদের ট্রেড টেস্টে পাশ করতে হবে। মাল্টি স্কিল প্রার্থীরা অগ্রাধিকার পাবেন। বয়স হতে হবে ১৮ থেকে ২৩ বছরের মধ্যে।

**কনস্টেবল (ওয়াটার ক্যারিয়ার):** মোট শূন্যপদ ৫টি (অসং)। কোনও স্বীকৃত বিশ্ববিদ্যালয়/ প্রতিষ্ঠান থেকে মাধ্যমিক/ সমতুল পাশ প্রার্থীরা ওয়াটার ক্যারিয়ারের কাজে ২ বছরের অভিজ্ঞতা থাকলে অথবা মাধ্যমিক/ সমতুল পাশরা আইটিআই/ ভোকেশনাল প্রতিষ্ঠানে থেকে ওয়াটার ক্যারিয়ার ট্রেডের ১ বছরের আইটিআই সার্টিফিকেটধারী এবং সংশ্লিষ্ট কাজে ১ বছরের অভিজ্ঞতা থাকলে অথবা স্বীকৃত আইটিআই থেকে ২ বছরের ডিপ্লোমাধারী হলে আবেদন করতে পারেন। এই পদের ক্ষেত্রে প্রার্থীদের ট্রেড টেস্টে পাশ করতে হবে। মাল্টি স্কিল প্রার্থীরা অগ্রাধিকার পাবেন। বয়স হতে হবে ১৮ থেকে ২৩ বছরের মধ্যে।

**কনস্টেবল (কবলার):** মোট শূন্যপদ ২৫টি (অসং ১৫, তঃজাঃ ৬, তঃউঃজাঃ ২, ওবিসি ১, আর্থিকভাবে দুর্বল ১)। কোনও স্বীকৃত বিশ্ববিদ্যালয়/ প্রতিষ্ঠান থেকে মাধ্যমিক/ সমতুল পাশ প্রার্থীরা কবলারের কাজে ২ বছরের অভিজ্ঞতা থাকলে অথবা মাধ্যমিক/ সমতুল পাশরা আইটিআই/ ভোকেশনাল প্রতিষ্ঠানে থেকে কবলার ট্রেডের ১ বছরের আইটিআই সার্টিফিকেটধারী এবং সংশ্লিষ্ট কাজে ১ বছরের অভিজ্ঞতা থাকলে অথবা স্বীকৃত আইটিআই থেকে ২ বছরের ডিপ্লোমাধারী হলে আবেদন করতে পারেন। এই পদের ক্ষেত্রে প্রার্থীদের ট্রেড টেস্টে পাশ করতে হবে। মাল্টি স্কিল প্রার্থীরা অগ্রাধিকার পাবেন। বয়স হতে হবে ১৮ থেকে ২৩ বছরের মধ্যে।

**কনস্টেবল (টেইলর):** মোট শূন্যপদ ৪১টি (অসং ১৯, তঃজাঃ ৯, তঃউঃজাঃ ৪, ওবিসি ৬, আর্থিকভাবে দুর্বল ২)। কোনও স্বীকৃত বিশ্ববিদ্যালয়/ প্রতিষ্ঠান থেকে মাধ্যমিক/ সমতুল পাশ প্রার্থীরা টেইলরের কাজে ২ বছরের অভিজ্ঞতা থাকলে অথবা মাধ্যমিক/ সমতুল পাশরা আইটিআই/ ভোকেশনাল প্রতিষ্ঠানে থেকে টেইলর ট্রেডের ১ বছরের আইটিআই সার্টিফিকেটধারী এবং সংশ্লিষ্ট কাজে ১ বছরের অভিজ্ঞতা থাকলে অথবা স্বীকৃত আইটিআই থেকে ২ বছরের ডিপ্লোমাধারী হলে আবেদন করতে পারেন। এই পদের ক্ষেত্রে প্রার্থীদের ট্রেড টেস্টে পাশ করতে হবে। মাল্টি স্কিল প্রার্থীরা অগ্রাধিকার পাবেন। বয়স হতে হবে ১৮ থেকে ২৩ বছরের মধ্যে।

**কনস্টেবল (ওয়াশারম্যান):** মোট শূন্যপদ ৭৪টি (অসং ২৪৪, তঃজাঃ ৮১, তঃউঃজাঃ ৩৮, ওবিসি ১৪৫, আর্থিকভাবে দুর্বল ৪৫)। কোনও স্বীকৃত বিশ্ববিদ্যালয়/ প্রতিষ্ঠান থেকে মাধ্যমিক/ সমতুল পাশ প্রার্থীরা ওয়াশারম্যানের কাজে ২ বছরের অভিজ্ঞতা থাকলে অথবা মাধ্যমিক/ সমতুল পাশরা আইটিআই/ ভোকেশনাল প্রতিষ্ঠানে থেকে ওয়াশারম্যান ট্রেডের ১ বছরের আইটিআই সার্টিফিকেটধারী এবং সংশ্লিষ্ট কাজে ১ বছরের অভিজ্ঞতা থাকলে অথবা স্বীকৃত আইটিআই থেকে ২ বছরের ডিপ্লোমাধারী হলে আবেদন করতে পারেন। এই পদের ক্ষেত্রে প্রার্থীদের ট্রেড টেস্টে পাশ করতে হবে। মাল্টি স্কিল প্রার্থীরা অগ্রাধিকার পাবেন। বয়স হতে হবে ১৮ থেকে ২৩ বছরের মধ্যে।

**কনস্টেবল (বার্বার):** মোট শূন্যপদ ৪৩টি (অসং ২১, তঃজাঃ ৫, তঃউঃজাঃ ৩, ওবিসি ১০, আর্থিকভাবে দুর্বল ৪)। কোনও স্বীকৃত বিশ্ববিদ্যালয়/ প্রতিষ্ঠান থেকে মাধ্যমিক/ সমতুল পাশ প্রার্থীরা চুল কাটার কাজে ২ বছরের অভিজ্ঞতা থাকলে অথবা মাধ্যমিক/ সমতুল পাশরা আইটিআই/ ভোকেশনাল প্রতিষ্ঠানে থেকে বার্বার ট্রেডের ১ বছরের আইটিআই সার্টিফিকেটধারী এবং সংশ্লিষ্ট কাজে ১ বছরের অভিজ্ঞতা থাকলে অথবা স্বীকৃত আইটিআই থেকে ২ বছরের ডিপ্লোমাধারী হলে আবেদন করতে পারেন। এই পদের ক্ষেত্রে প্রার্থীদের ট্রেড টেস্টে পাশ করতে হবে। মাল্টি স্কিল প্রার্থীরা অগ্রাধিকার পাবেন। বয়স হতে হবে ১৮ থেকে ২৩ বছরের মধ্যে।

**কনস্টেবল (ওয়েটার):** মোট শূন্যপদ ৩টি (অসং)। কোনও স্বীকৃত বিশ্ববিদ্যালয়/ প্রতিষ্ঠান থেকে মাধ্যমিক/ সমতুল পাশ

........ এরপর ৫ পাতায়

https://kaajcareer.in

## ৮২৭ কনস্টেবল

*৪ পাতার পর ..........*

প্রার্থীরা ওয়েটারের কাজে ২ বছরের অভিজ্ঞতা থাকলে অথবা মাধ্যমিক/ সমতুল পাশরা আইটিআই/ ভোকেশনাল প্রতিষ্ঠানে থেকে ওয়েটার ট্রেডের ১ বছরের আইটিআই সার্টিফিকেটধারী এবং সংশ্লিষ্ট কাজে ১ বছরের অভিজ্ঞতা থাকলে অথবা স্বীকৃত আইটিআই থেকে ২ বছরের ডিপ্লোমাধারী হলে আবেদন করতে পারেন। এই পদের ক্ষেত্রে প্রার্থীদের ট্রেড টেস্টে পাশ করতে হবে। মাল্টি স্কিল প্রার্থীরা অগ্রাধিকার পাবেন।বয়স হতে হবে ১৮ থেকে ২৩ বছরের মধ্যে।

**কনস্টেবল (কার্পেন্টার):** মোট শূন্যপদ ৭টি (অসং ৪, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১, ওবিসি ১)। কোনও স্বীকৃত বিশ্ববিদ্যালয়/ প্রতিষ্ঠান থেকে মাধ্যমিক/ সমতুল পাশ প্রার্থীরা কার্পেন্টারের কাজে ২ বছরের অভিজ্ঞতা থাকলে অথবা মাধ্যমিক/ সমতুল পাশরা আইটিআই/ ভোকেশনাল প্রতিষ্ঠানে থেকে কার্পেন্টার ট্রেডের ১ বছরের আইটিআই সার্টিফিকেটধারী এবং সংশ্লিষ্ট কাজে ১ বছরের অভিজ্ঞতা থাকলে অথবা স্বীকৃত আইটিআই থেকে ২ বছরের ডিপ্লোমাধারী হলে আবেদন করতে পারেন। এই পদের ক্ষেত্রে প্রার্থীদের ট্রেড টেস্টে পাশ করতে হবে। মাল্টি স্কিল প্রার্থীরা অগ্রাধিকার পাবেন। বয়স হতে হবে ১৮ থেকে ২৩ বছরের মধ্যে।

**কনস্টেবল (নার্সিং আর্দালি):** মোট শূন্যপদ ১টি (অসং)। কোনও স্বীকৃত বোর্ড/ প্রতিষ্ঠান থেকে দশম শ্রেণি পাশ প্রার্থীরা সেন্ট জন্স অ্যাম্বুল্যান্স অর্গানাইজেশন/ রেড ক্রস সোসাইটি অফ ইন্ডিয়া থেকে ফার্স্ট এইড সার্টিফিকেট কোর্স পাশ করে থাকলে এবং অন্তত ৫০ শয্যাবিশিষ্ট কোনও হাসপাতাল/ প্রতিষ্ঠানে নার্সিং আর্দালি হিসেবে ১ বছরের কাজের অভিজ্ঞতা থাকলে আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৮ থেকে ২৩ বছরের মধ্যে।

সবক্ষেত্রেই বয়স হতে হবে ১৯-৪-২০২৬ তারিখের হিসেবে। তফশিলিরা ৫, ওবিসিরা ৩ ও প্রাক্তন সমরকর্মীরা সরকারি নিয়ম অনুযায়ী বয়সের ছাড় পাবেন। মাইনে ২১,৭০০ - ৬৯,১০০ টাকা। সঙ্গে অন্যান্য ভাতা ও সুযোগ-সুবিধা।

